ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 2 ● Issue - 109 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ১০৯ ● কলকাতা ● ০৯ বৈশাখ, ১৪৩৩ ● বৃহস্পতিবার ● ২৩ এপ্রিল ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## মমতার আমলে ১০ হাজার কোটির দুর্নীতি হয়েছে, ক্ষমতায় এলে সব টাকা উসুল করব', হুঁশিয়ারি দিলেন শাহ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্য বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট বৃহস্পতিবার। তার আগে রাজ্যের শাসক দলকে নিশানা করতে আক্রমণের ধার আরও বাড়ালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ । বুধবার সপ্তগ্রামের জনসভা থেকে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে দুর্নীতির প্রশ্নে কার্যত তুলোধনা করলেন তিনি।প্রথম দফার ভোটের আগে শাহের এই আক্রমণাত্মক মেজাজ এবং ৩০০০ টাকার প্রতিশ্রুতি তৃণমূলের 'লক্ষ্মীর ভাণ্ডার'-এর পাল্টা চাল হিসেবেই দেখছে রাজনৈতিক মহল। ১০ হাজার কোটির দুর্নীতির অভিযোগ তুলে শাহ আসলে ভোটারদের মধ্যে শাসক দলের স্বচ্ছতা

এরপর ৩ পাতায়

**পর্ব 267**

## হিমালয়ের সমর্পণ যোগ



যখন আমরা খাওয়া থেকে চিত্ত সরানোর জন্য উপবাস করি, তখন খাওয়া থেকে চিত্ত সরার জায়গায় খাওয়াতে চিত্ত বেশী যেতে থাকে।

তখন সব সময়, সব জায়গায় কেবল খাবারই দেখা যায়। এটাও ভুল এবং চিত্তের জন্য ক্ষতিকারক হয়। আপনি ধ্যানে এতই মগ্ন হয়ে যান যে আপনার খাওয়ার কথা মনেই না আসে, এটা উপবাস।

ক্রমশঃ



# জেলায় জেলায় প্রচারে যোগ দিচ্ছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত সাহা



**স্মৃতি সামন্ত,কলকাতা**

নিউ ব্যারাকপুরের অগ্রদূত মাঠে জোরালো রাজনৈতিক বার্তা দিলেন Amit Shah। বিজেপির 'বিজয় সংকল্প সভা'-য় উপস্থিত থেকে তিনি কর্মী-সমর্থকদের উজ্জীবিত করেন এবং আসন্ন নির্বাচনে জয়ের ডাক দেন।

আজ New Barrackpore-এ অনুষ্ঠিত এই জনসভায় বড় মঞ্চে একসঙ্গে দেখা যায় দলের একাধিক শীর্ষ নেতাকে। উপস্থিত ছিলেন উত্তর দমদমের বিজেপি ক্যান্ডিডেট সৌরভ শিকদার, বিজিপি সভাপতি চণ্ডীচরণ রায়। স্বাগত ভাষণ এর মাধ্যমে সমর্থকদের মধ্যে বাড়তি উদ্দীপনা তৈরি করে।

ভাষণে Amit Shah রাজ্যের বর্তমান সরকারের তীব্র সমালোচনা করে বলেন, উন্নয়নের স্বার্থে বাংলায় পরিবর্তন জরুরি। পাশাপাশি তিনি দাবি করেন, Bharatiya Janata Party ক্ষমতায় এলে রাজ্যে শিল্প, কর্মসংস্থান ও আইন-শৃঙ্খলার উন্নতি হবে।

সভায় উপস্থিত কর্মীরা হাত তুলে স্লোগান দিয়ে সমর্থন জানান। গোটা অনুষ্ঠান জুড়ে ছিল উৎসবমুখর পরিবেশ, নিরাপত্তার কড়া ব্যবস্থা এবং বিশাল জনসমাগম।

রাজনৈতিক মহলের মতে, এই সভার মাধ্যমে উত্তর ২৪ পরগনার গুরুত্বপূর্ণ এলাকায় নিজেদের সংগঠনকে আরও মজবুত করার বার্তা দিল বিজেপি।

# গ্রেফতার প্রসঙ্গে পুলিশ ও পর্যবেক্ষকদের হুঁশিয়ারি তৃণমূল সাংসদ রাজীবের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রথম দফার ভোটের নির্ঘণ্ট বাজার আগেই উত্তপ্ত বঙ্গ রাজনীতি। এবার পুলিশ ও কেন্দ্রীয় পর্যবেক্ষকদের সরাসরি নিশানা করলেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ ভোটের ঠিক আগে তৃণমূল সাংসদের এই বয়ান যে যথেষ্ট তাৎপর্যপূর্ণ, তা মানছে রাজনৈতিক মহল। বিশেষ করে পুলিশি সক্রিয়তা নিয়ে রাজ্যের শাসক দল যে কড়া আইনি পথে হাঁটার প্রস্তুতি নিচ্ছে, রাজীব কুমারের কথাতেই তা স্পষ্ট।এবং প্রাক্তন পুলিশ কর্তা রাজীব কুমার । পুলিশের পর্যবেক্ষকদের 'মৌখিক নির্দেশে' গণহারে ধরপাকড় করা হচ্ছে বলে বিস্ফোরক অভিযোগ তুললেন তিনি।শুধু অভিযোগ জানানোই নয়, সংশ্লিষ্ট পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে রীতিমতো আইনি যুদ্ধের হুঁশিয়ারি দিয়েছেন এই তৃণমূল নেতা।

ভোটের আগে ৫০০-র বেশি গ্রেফতারের ঘটনায় তৃণমূল কাঠগড়ায় তুলেছে পুলিশ পর্যবেক্ষকদের। সাংসদ রাজীব কুমারের দাবি, পুলিশ পর্যবেক্ষকদের মৌখিক নির্দেশে ইতিমধ্যেই ৫০০-র বেশি মানুষকে গ্রেফতার করা হয়েছে। তাঁর মতে, এটি ফৌজদারি দণ্ডবিধি এবং প্রচলিত নির্বাচনী আইনকে স্পষ্টভাবে লঙ্ঘন করছে। রাজীব কুমার সাফ জানিয়েছেন, 'এই ধরনের বেআইনি কাজ

এরপর ৩ পাতায়

# শ্রীধাম মায়াপুর ইসকন মন্দিরে চন্দনযাত্রা উৎসব

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বৈশাখ মাসের ক্রমবর্ধমান চাঁদের শুভ শুক্লা তৃতীয়াকে অক্ষায় তৃতীয়া বলা হয়।অক্ষয় শব্দের অর্থ হল যা ক্ষয়প্রাপ্ত হয় না। বৈদিক বিশ্বাস অনুসারে এই পবিত্র তিথিতে কোন শুভকার্য সম্পন্ন হলে তা অনন্তকাল অক্ষয় হয়ে থাকে। এই শুভদিনে জন্ম নিয়েছিলেন বিষ্ণুর ষষ্ঠ অবতার পরশুরাম। বেদব্যাস ও গনেশ এই দিনে মহাভারত রচনা আরম্ভ করেন। এদিনই সত্য যুগ শেষ হয়ে ত্রেতাযুগের সূচনা হয়। এই দিনটি বিশেষ মাহাত্ম্যপূর্ণ। এই দিন থেকে শুরু হয় চন্দনযাত্রা। ভক্তবৎসল ভগবান তাঁর ভক্তের সেবা গ্রহণ করে প্রভূত আনন্দ উপভোগ করেন। সেইজন্য গ্রীষ্মের দাবদাহ থেকে শান্তি দিতে , পরমেশ্বর ভগবানের সর্বাঙ্গে চন্দন লেপন করা হয়। বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা মতে, এই বছর ২০ শে এপ্রিল ২০২৬ সোমবার থেকে শুরু হবে চন্দনযাত্রা উৎসব। চলবে ২১ দিন ব্যাপী। বিশ্বব্যাপী ইসকনের



প্রতিটি মন্দিরে একযোগে এই উৎসব পালন করা হবে।

প্রায় পাঁচশত বছর আগে,পুরীধামের নরেন্দ্র সরোবরে শ্রীশ্রীরাধামদন মোহনকে নিয়ে যে চন্দনযাত্রা উৎসব শুরু হয়েছিল, স্বয়ং শ্রীচৈতন্য মহাপ্রভু উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করে প্রভূত আনন্দ লাভ করেছিলেন। সেই ঐতিহ্য স্মরণ করে মায়াপুর ইসকনের প্রভুপাদ সমাধি মন্দির পুস্করিণীতে এই উৎসব মহাসমারোহে যথাযথ ধর্মীয় মর্যাদার সঙ্গে প্রতি বছর পালন করা হয়। দূর- দূরান্ত থেকে অসংখ্য দেশি- বিদেশি ভক্তের সমাগম হয় মায়াপুর ইসকন মন্দিরে। নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়। রাধামাধবের চন্দন যাত্রা উৎসবকে কেন্দ্র করে সমস্ত ভেদাভেদ ভুলে জাতি- ধর্ম- বর্ণ নির্বিশেষে সমস্ত স্তরের মানুষের ভিড়ে যেন মিলন মেলায় পরিনত হয় মায়াপুর ইসকন। একযোগে সামিল হন দেশ- বিদেশ, ধনী- দরিদ্র সহ সমাজের সমস্ত স্তরের জনসাধারণ। প্রতিদিন বিকাল

এরপর ৬ পাতায়

(১ম পাতার পর)

# মমতার আমলে ১০ হাজার কোটির দুর্নীতি হয়েছে, ক্ষমতায় এলে সব টাকা উসুল করব', হুঁশিয়ারি দিলেন শাহ

নিয়ে প্রশ্ন তুলতে চেয়েছেন। অন্যদিকে, ১ লক্ষ সরকারি চাকরির প্রতিশ্রুতি দিয়ে তরুণ প্রজন্মের ভোট টানার কৌশল নিয়েছেন তিনি।

তৃণমূল অবশ্য শাহের এই বক্তব্যকে 'ভোটের গিমিক' বলে উড়িয়ে দিয়েছে। তবে ভোটের মাত্র কয়েক ঘণ্টা আগে শাহের এই 'পয়সা ফেরত' নেওয়ার হুঁশিয়ারি সর্বত্রই উত্তাপ বাড়িয়ে দিল। এখন ৪ মে শাহের ভবিষ্যদ্বাণী সত্যি হয় কি না, সেদিকেই তাকিয়ে গোটা রাজ্য।শাহের সাফ হুঁশিয়ারি, বিগত ১৫ বছরে তৃণমূল সরকার যে 'কাটমানি' ও দুর্নীতির পাহাড় গড়েছে, আগামী ৪ মে-র পর বিজেপি ক্ষমতায় এলে সেই সব টাকা সাধারণ মানুষের কাছে ফেরত আনা হবে। সপ্তগ্রামের সভা থেকে শাহ অভিযোগ করেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের আমলে রাজ্যে প্রায় ১০ হাজার কোটি টাকার দুর্নীতি হয়েছে। তিনি বলেন, 'মমতাদি ভাবেন কিছুই হবে না। কিন্তু ৫ তারিখ এখানে বিজেপির সরকার আসবে। আমাদের যুবকদের এবং মহিলাদের থেকে লুঠ করা এক এক পয়সা আপনাকে ফেরত দিতে হবে।' সিন্ডিকেট রাজ ও তোলাবাজি রুখতে 'দিদির গুন্ডাদের' রাজ্যের বাইরে পাঠানোর ডাক দেন তিনি।

ভোটের মুখে মাস্টারস্ট্রোক দিতে ইতিমধ্যেই মহিলাদের জন্য বড় ঘোষণা করেছে বিজেপি। সেই ঘোষণার কথা মনে করিয়েই স্বরাষ্ট্রমন্ত্রী প্রতিশ্রুতি দেন, 'বিজেপি সরকার গড়লে রাজ্যের প্রত্যেক দিদির অ্যাকাউন্টে প্রতি মাসে ৩০০০ টাকা করে পাঠানো হবে।' শুধু তাই নয়, রাজ্যের পরিবহণ ব্যবস্থায় বড় ছাড়ের ঘোষণা করে তিনি বলেন, 'গঙ্গাসাগর থেকে দার্জিলিং পর্যন্ত সরকারি বাসে মহিলাদের আর কোনও ভাড়া দিতে হবে না।' পাশাপাশি বেকারত্ব দূরীকরণে প্রতি বছর ১ লক্ষ সরকারি চাকরি দেওয়ার প্রতিশ্রুতিও দিয়েছেন তিনি।

দমদমের সভার মতো সপ্তগ্রামেও মমতার শাসনের 'উল্টি গিনতি'র সময়সীমা বেঁধে দেন শাহ। ৪ মে গণনার দিনের রূপরেখা টেনে তিনি বলেন, 'সকাল ৮টায় ব্যালট বাক্স খুলবে, ৯টায় প্রথম রাউন্ড আর ১০টায় দ্বিতীয় রাউন্ডের ফল আসবে। দুপুর ১টার মধ্যেই সব পরিষ্কার হয়ে যাবে। তারপরই হবে - দিদি টাটা, গুড বাই!'

(২ পাতার পর)

# গ্রেফতার প্রসঙ্গে পুলিশ ও পর্যবেক্ষকদের হুঁশিয়ারি তৃণমূল সাংসদ রাজীবের

আমরা মুখ বুজে সহ্য করব না। আমাদের পাল্টা জবাব হবে সুশৃঙ্খল, তথ্যপ্রমাণ ভিত্তিক এবং আপসহীন।'

এদিন সাংবাদিক সম্মেলনে রাজীব কুমারের সুর ছিল যথেষ্ট চড়া। সরাসরি আধিকারিকদের হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, 'পদমর্যাদা যাই হোক না কেন, বা যে রাজ্যেরই অফিসার হোন— যারা এই বেআইনি গ্রেফতারের নির্দেশ দিয়েছেন বা তাতে মদত দিয়েছেন, তাদের প্রত্যেকের নাম নথিভুক্ত করা হবে। প্রত্যেকের বিরুদ্ধে চার্জশিট গঠন করে তাদের টেনে হিঁচড়ে আদালতের কাঠগড়ায় দাঁড় করানো হবে।'

'সীমান্ত বা রাজনৈতিক রক্ষাকবচেও কাজ হবে না' বলেই তপ রাজীব কুমারের। অনেক সময় ভিন রাজ্যের আধিকারিকরা কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে বাংলায় আসেন। তাঁদের উদ্দেশে তৃণমূল সাংসদের হুঁশিয়ারি, রাজ্যের সীমানা পার করে পালালেই বা কোনও রাজনৈতিক ছত্রছায়ায় থাকলেই নিস্তার মিলবে না। তাঁর কথায়, 'রাজ্যের সীমান্ত আপনাদের সুরক্ষা দেবে না, রাজনৈতিক রক্ষাকবচও কাজে আসবে না। আইনের পুরো শক্তি প্রয়োগ করে প্রত্যেককে জবাবদিহি করতে বাধ্য করা হবে।'

ভোটের ঠিক আগে 'ট্রাবল মেকার' বা বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের তালিকা তৈরি করে নির্বাচন কমিশনের প্রিভেন্টিভ অ্যাকশনের নির্দেশ ঘিরে মঙ্গলবার উত্তপ্ত হয়ে ওঠে কলকাতা হাইকোর্ট । আদালতে তৃণমূলের হয়ে সওয়াল করতে গিয়ে কল্যাণ বন্দ্যোপাধ্যায় এদিন দাবি করেন, রাজ্যজুড়ে তৃণমূল কর্মীদের তালিকা তৈরি করে তাঁদের ভয় দেখানো হচ্ছে। কল্যাণ বলেন, 'কোচবিহার থেকে শুরু করে রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রায় ৮০০ জনের বেশি তৃণমূল কর্মীর নাম এই তালিকায় রয়েছে। এর মধ্যে সাংসদ, প্রাক্তন বিধায়ক ও কাউন্সিলরদের মতো জনপ্রতিনিধিরাও রয়েছেন। ব্লাঙ্কেট ম্যানারে বা ঢালাও ভাবে কাউকে 'অপরাধী' বা 'ট্রাবল মেকার' বলা যায় না।' কল্যাণের অভিযোগ, কমিশনের নির্দেশে পুলিশ অফিসারদের হুমকি দেওয়া হচ্ছে। তিনি প্রশ্ন তোলেন, ফৌজদারি মামলা ছাড়া অন্য কোনও ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট বা যথাযথ নিয়ম না মেনে কীভাবে কমিশন গ্রেফতারের নির্দেশ দিতে পারে?

# ভোট চলাকালীন আত্মীয়দেরও রাখা যাবে না বাড়িতে! কড়া নিষেধাজ্ঞা কমিশনের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্যে বিধানসভা নির্বাচনের ঠিক দু'দিন আগে নজিরবিহীন কড়াকড়ি শুরু করল নির্বাচন কমিশন । অবাধ ও শান্তিপূর্ণ ভোট নিশ্চিত করতে এবার সরাসরি সাধারণ মানুষের অন্দরমহলের ওপর নজরদারির নির্দেশ জারি করা হয়েছে। মদের দোকান বন্ধ এবং বাইক চলাচলে নিষেধাজ্ঞার পর এবার বহুতল আবাসনগুলোতেও 'বহিরাগত' ফতোয়া জারি করল কমিশন।ইতিমধ্যেই পুলিশকে প্রতিটি বহুতল আবাসনের 'গেস্ট রেজিস্টার' খতিয়ে দেখার নির্দেশ দেওয়া হয়েছে। নজরদারি নিশ্চিত করতে পুলিশ বাড়ি বাড়ি তল্লাশি বা গেটে তল্লাশিও চালাতে পারে বলে ইঙ্গিত মিলেছে। ২৩ তারিখ থেকে শুরু হওয়া এই দুই দফার নির্বাচনে কমিশনের এই 'লৌহবর্ম' কতটা কার্যকর হয় এবং বাংলার ভোট কতটা অবাধ হয়, এখন সেটাই দেখার। মঙ্গলবার প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, ভোট চলাকালীন রাজ্যের বহুতল আবাসনগুলোতে শুধুমাত্র সেই বিধানসভা কেন্দ্রের নথিভুক্ত ভোটাররাই থাকতে পারবেন। কোনও আত্মীয়-স্বজন বা বন্ধু-বান্ধব তো বটেই, এমনকি ভিন রাজ্য বা অন্য এলাকা থেকে আসা কেউ যদি সেখানে অবস্থান করেন, তবে তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। অনেক আবাসনের ভেতরেই

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### কমিশনের নির্দেশে গ্রেফতার তৃণমূল নেতা

গ্রেফতার হলেন বীরভূমের তৃণমূল নেতা ডালিম শেখ। নির্বাচন কমিশনের নির্দেশে লাভপুর থেকে তাঁকে গ্রেফতার করেছে পুলিশ। ডালিমের বিরুদ্ধে ভোটারদের ভয় দেখানোর অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার বীরভূমে ভোট। তার দু'দিন আগে গ্রেফতার করা হল ওই তৃণমূল নেতাকে। দলের নেতাদের গ্রেফতার করা হতে পারে বলে আগেই আশঙ্কা প্রকাশ করেছিল তৃণমূল।প্রায় প্রতিটি নির্বাচনী সভা থেকেই তৃণমূল নেতা-কর্মীদের গ্রেফতারি নিয়ে আশঙ্কা প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বলেছেন, 'অনেককে গ্রেফতার করার চেষ্টা হবে।' ২০২১ সালে ভোট-পরবর্তী হিংসার একটি রিপোর্ট বানিয়েছিল জাতীয় মানবাধিকার কমিশন। সেই রিপোর্টে অনেককেই অভিযুক্ত করেছিল তারা। সেই অভিযুক্তের তালিকায় ছিলেন এ বারের নির্বাচনে দিনহাটার তৃণমূল প্রার্থী তথা বিদায়ী বিধায়ক উদয়ন গুহ। তিনি আশঙ্কা প্রকাশ করেছেন, বিধানসভা নির্বাচনের মুখে তাঁকে গ্রেফতার করা হতে পারে।কলকাতায় মঙ্গলবার চার জনকে গ্রেফতার করেছে লালবাজারের গুন্ডাদমন শাখা। এঁদের কারও বিরুদ্ধে আর্মস অ্যাক্ট (অস্ত্র আইন) কারও বিরুদ্ধে অতীতে ঝামেলা পাকানোর ইতিহাস রয়েছে বলে পুলিশের দাবি। ধৃতদের নাম— জয়দেব মালাকার ওরফে ম্যান্ডেলা( টালিগঞ্জ এলাকা), মিন্টু ঘোড়ুই ওরফে বল্টু (পঞ্চসায়র এলাকা), অর্পণ চক্রবর্তী (বাঁশদ্রোণী এলাকা) এবং শাহাদত হোসেন ওরফে শাকা (একবালপুর এলাকা)। তাঁদের 'ট্রাবল মেকার' বলে উল্লেখ করা হয়েছে। ধৃতদের মধ্যে অর্পণের বিরুদ্ধে অস্ত্র আইনে সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

চলতি মাসের শুরুতে কমিশনের নির্দেশে মুর্শিদাবাদের এক ব্যক্তিকে গ্রেফতার করেছিল পুলিশ। কমিশন জানায়, ধৃতের নাম রাজু মণ্ডল। তিনি মুর্শিদাবাদের তৃণমূল নেতা। তাঁর বিরুদ্ধে ভোটারদের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছিল। এর পরেই কমিশন পুলিশকে পদক্ষেপ করতে নির্দেশ দেয়।

এই আবহে তাদের ৮০০ কর্মীকে গ্রেফতার করতে পারে বলে আশঙ্কা প্রকাশ করে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছে তৃণমূল। তারা হাই কোর্টে মামলা দায়ের করে জানায়, তাদের প্রায় ৮০০ জন কর্মীকে নজরে রেখেছে কমিশন। আদালতকে বিষয়টি সম্পর্কে অবহিত করে দ্রুত হস্তক্ষেপের আর্জি জানায় তৃণমূল। মামলা দায়ের করার অনুমতি দেয় হাই কোর্ট।

## বাংলার সাধক বামাক্ষ্যাপা



মৃত্যুঞ্জয় সরদার





**(নবম পর্ব)**

তখন বর্তমান মিশর স্থানটি পেয়েছিলেন তার রাজ্যের শাসনভার হিসেবে । পুরুর পুত্র ছিল প্রভির এবং প্রভিরের পুত্র ছিল মানুষ্য (Manasyu) যাকে মেনেস নামে ডাকা হত । যিনি পশ্চিমা ইতিহাসবিদদের মতে মিশরের প্রথম বংশের প্রতিষ্ঠাতা । পুরুর বংশ এভাবে ফারাও রাজা পর্যন্ত অতিবাহিত হয়েছিল । মিশরকে অজপতি নামে নামকরন করা হয় । এই অজ জাতের পুত্র ছিল অজপতি । অপরদিকে অজ ছিল ভগবান শ্রী রামচন্দ্রের পিতামহ রামচন্দ্র আবির্ভূত হয়ছিল সূর্যবংশে, সূর্যদেবের আরেক নাম রবি । 'র' তখন মিশরে সূর্য বংশের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## প্রথম দফা ভোটের আগেই ভবিষ্যদ্বাণী অমিত শাহর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বৃহস্পতিবার বিধানসভার মহারণের প্রথম দফা। তার আগে ফের একবার দমদম থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে সরাসরি চ্যালেঞ্জ করলেন অমিত শাহ। একেবারে সময় বেঁধে দিয়ে বললেন, ঠিক কখন থেকে হারের মুখ দেখতে শুরু করেবে মমতা বন্দ্যোপাধ্যায়ের দল। বললেন, 'সময় এসে গেছে। মা-মাটি মানুষের নামে সন্ত্রাসের রাজনীতি করা মমতা ব্যানার্জিকে হঠানোর।শাহের এই মন্তব্যের পাল্টা জবাব দিয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, 'বাংলার মাটিতে এসে বাঙালিকে চমকাচ্ছে, উল্টো করে ঝোলানোর হুমকি দিচ্ছে। সৎ সাহস থাকলে ৪ তারিখ বাংলায় থাকবেন, বেলা ১২ টার পর কথা হবে। কে কাকে উল্টো করে টাঙায়, বাংলার মানুষ জবাব দেবে। জয়নগরের সভা থেকে হুঙ্কার দেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।উনি বাংলাকে গুন্ডাদের ভরসায় ছেড়ে দিয়েছে। তাঁর একমাত্র লক্ষ্য, নিজের ভাইপোকে মুখ্যমন্ত্রী বানানো। দমদমবাসী, বলো, ভাইপোকে মুখ্যমন্ত্রী বানানো উচিত?'

১টায় গণনা শেষ, বললেন শাহ মাঝে আর মাত্র একটা রাত। তারপরই প্রথম দফার ভোটের

এরপর ৫ পাতায়

### বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই (ঊষা) ভগ্ন শকট হউতে পলায়ন করিয়া বিপাশার (তীরে) শয়ন করিলেন।।

ইন্দ্র ঊষার শকট চূর্ণ করছেন। ঊষাকে ধর্ষণ করছেন। এবং ভীতা ঊষা ভয়ে বিপাশার তীরে পলায়ন করছেন। কিন্তু ঊষার উপর ইন্দ্রের এই আক্রমণ কেন?" (দেবীপ্রসাদ ৬৬-৬৭) **ক্রমশঃ**


**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৪ পাতার পর)

# প্রথম দফা ভোটের আগেই ভবিষ্যদ্বাণী অমিত শাহর

লাইনে দাঁড়াবেন পশ্চিমবঙ্গের মানুষ। প্রথম দফায়, ২৩ এপ্রিল ভোটগ্রহণ হবে ১৬টি জেলার ১৫২টি আসনে। দ্বিতীয় দফায়, ২৯ এপ্রিল ভোট হবে বাকি ৭ জেলার ১৪২টি আসনে। আর তারপরই ৪ মে বেরোবে ভোটের ফল। সেদিন সকাল থেকে কী কী ঘটতে চলেছে। সেটাও সময় ধরে ধরে বলে দিলেন অমিত শাহ। ' ৪ মে সকালে গণনা শুরু হবে। ৮ টায় ব্যালট বক্স খোলা শুরু হবে। ৯টায় প্রথম রাউন্ড। ১০টায় দ্বিতীয় রাউন্ড। ১টায় গণনা শেষ। দিদি, টাটা গুড বাই। একটা লম্বা সময় পরে, বাংলায় সুশাসনের শুরু হবে। সোনার বাংলা তৈরির শুরু ভারতীয় জনতা পার্টির সরকার করবে।'

পাল্টা আমডাঙার সভা থেকে মমতা বন্দ্যোপাধ্যায়ের চ্যালেঞ্জ, 'নিয়ে এসো সাঁজোয়া গাড়ি, আমি একা থাকব ... দেখব সাঁজোয়া গাড়ির কত জোর, আর মানুষের কত জোর । আমি হিম্মত নিয়ে লড়াই করি, বিজেপির কাছে মাথা নত করি না' । তিনি আরও বলেন, 'দুরন্ত খেলা হবে, বিজেপি আর দোসররা এসেছে, আমাদের হারানো এত সহজ নয়'।

উল্টো করে ঝুলিয়ে সোজা করব : শাহ

শুধু ভোটের ফলের পূর্বাভাস নয়, একেবারে শাসানির সুরে অমিত শাহ বলেন, ' তৃণমূলের গুন্ডাদের বলে যাচ্ছি, ২৯ তারিখ ঘর থেকে বেরোবেন না । ৪ তারিখের পর গুন্ডাদের উল্টো করে ঝুলিয়ে সোজা করব ।' নিউ ব্যারাকপুরের সভা থেকে হুঙ্কার দেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

# সাধারণ নির্বাচন এবং উপ-নির্বাচনসমূহ ২০২৬: তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গে বাজেয়াপ্তের পরিমাণ ১ হাজার কোটি টাকা ছাড়াল

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের নির্বাচন আয়োগ আসাম, কেরল, পুদুচেরী, তামিলনাড়ু, পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন এবং উপ-নির্বাচনসমূহের ঘোষণা করে ১৫ মার্চ। রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে আদর্শ আচরণ বিধি মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে।

নির্বাচন আয়োগ ইতিমধ্যেই এইসব রাজ্যগুলির মুখ্যসচিব, সিইও, রাজ্য পুলিশের মহানির্দেশক এবং পদস্থ পুলিশ কর্তাদের সঙ্গে বেশ কয়েক দফায় পর্যালোচনা বৈঠক করেছে। আইন প্রণয়নকারী সংস্থাগুলির সঙ্গে বৈঠকে নির্বাচন হিংসা ও প্ররোচনামুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। এই লক্ষ্য পূরণে তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গে মোট ৫ হাজার ১১টি ফ্লাইং স্কোয়াড টিম মোতায়েন করা হয়েছে। এর মধ্যে পশ্চিমবঙ্গে রয়েছে ২ হাজার ৭২৮টি এবং তামিলনাড়ু'তে ২ হাজার ২৮৩টি। বিভিন্ন স্থানে নাকা চেকিং – এর জন্য ৫৩৬৩টি স্ট্যাটিক সার্ভিলেন্স টিম মোতায়েন করা হয়েছে। এর মধ্যে পশ্চিমবঙ্গে ৩ হাজার ১৪২ এবং তামিলনাদু'তে ২ হাজার ২২১টি।

২২ এপ্রিল পর্যন্ত পশ্চিমবঙ্গে বাজেয়াপ্ত নগদের পরিমাণ ২৭ কোটি ৪৮ লক্ষ টাকা। তামিলনাড়ু'তে ১০০ কোটি ১৯ লক্ষ টাকা। পশ্চিমবঙ্গে মদ আটক করা হয়েছে ৩৯৩১৪৬৩ লিটার এবং তামিলনাড়ু'তে ১১৭৭১৩ লিটার।

কমিশনের পক্ষ থেকে আইন প্রণয়নকারী সংস্থাগুলিকে তল্লাশি ও নজরদারির সময় অকারণে সাধারণ নাগরিকরা যাতে হয়রানির শিকার না হন, তা নিশ্চিত করতে বলা হয়েছে। কোনোরকম অভিযোগের নিষ্পত্তিতে ডিস্ট্রিক গ্রিভান্স কমিটি গঠন করা হয়েছে। নির্বাচনী আচরণ বিধি ভঙ্গের ক্ষেত্রে নাগরিক বা রাজনৈতিক দলগুলি অভিযোগ জানাতে ইসিআই নেটে সি ভিজিল মডিউল ব্যবহার করতে পারেন।




পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী করতে জার্মানীর প্রবাসী ভারতীয়দের প্রশংসা প্রতিরক্ষা মন্ত্রীর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



তিনদিনের জার্মানী সফরে গিয়ে ২১ এপ্রিল প্রথম দিন বার্লিনে প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং প্রবাসী ভারতীয়দের সঙ্গে এক আলোচনাচক্রে যোগ দেন। জার্মানীতে বসবাসরত প্রায় ৩ লক্ষ প্রবাসী ভারতীয়কে দু'দেশের মধ্যে শক্তিশালী সেতুবন্ধ রচনার গঠনমূলক অংশীদার বলে বর্ণনা করেছেন তিনি। প্রযুক্তি, স্বাস্থ্য ক্ষেত্র, শিক্ষা, কলা – এই সবক্ষেত্রে প্রবাসী ভারতীয়দের অবদান ছড়িয়ে রয়েছে।

প্রতিরক্ষা মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বৈশ্বিক মঞ্চে ভারতের মর্যাদা অনেক বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, আগে আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতের কথায় কর্ণপাত করা হ'ত না। কিন্তু, আজ সমগ্র বিশ্ব ভারতের প্রতি মনোনিবেশ করছে।

প্রতিরক্ষা মন্ত্রী ২০২৬ সালকে জার্মানীর সঙ্গে ভারতের ৭৫ বছরের কূটনৈতিক সম্পর্কের কথা উল্লেখ করে বলেন, পারস্পরিক বিশ্বাস, শ্রদ্ধা এবং অভিন্ন গণতান্ত্রিক মূল্যবোধ দু'দেশের মধ্যে এই সম্পর্ককে শক্তিশালী করেছে। নিজের ঐতিহ্যকে ধরে রেখেও ভারত ও জার্মানীর শক্তিশালী অংশীদারিত্বে অনাবাসী ভারতীয়রা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলেও তিনি জানান। বিশ্বের নানাপ্রান্তে প্রবাসী ভারতীয়দের সুরক্ষা এবং স্বার্থ রক্ষায় সরকার নিজের দায়িত্ব পালন করছে বলেও তিনি জানান।

পরিকাঠামো, স্টার্টআপ, মহাকাশ, ডিজিটাল উদ্ভাবন – সমস্ত ক্ষেত্রে ভারতের দ্রুত আর্থিক বিকাশের কথা উল্লেখ করে প্রতিরক্ষা মন্ত্রী বলেন, আত্মনির্ভর ভারতের লক্ষ্যই হ'ল – অভ্যন্তরীণ উৎপাদন সক্ষমতাকে শক্তিশালী করা, নির্মাণ ক্ষেত্রে সমৃদ্ধি আনা, সেইসঙ্গে আমদানীর উপর নির্ভরশীলতা কমানো।


প্রবাসী ভারতীয়দের সঙ্গে কথোপকথন স্মরণীয় জানিয়ে প্রতিরক্ষামন্ত্রী বলেন, নিজেদের পেশাগত দায়বদ্ধতা সত্ত্বেও তাঁদের উপস্থিতিতে তিনি কৃতজ্ঞ। একে ভারত ও জার্মানীর ক্রমবর্ধমান সম্পর্ক ক্রমশই শক্তিশালী হয়ে ওঠার পরিচায়ক জানান তিনি।

(২ পাতার পর)

## শ্রীধাম মায়াপুর ইসকন মন্দিরে চন্দনযাত্রা উৎসব

৫টায় শ্রীশ্রী রাধামাধবকে চন্দ্রোদয় মন্দির থেকে বর্ণাঢ্য সংকীর্তন শোভাযাত্রা সহকারে নিয়ে যাওয়া হয় সমাধি মন্দির পুস্করিণীতে। এই উৎসব চলে প্রতিদিন রাত ৮ টা পর্যন্ত । সুসজ্জিত নৌকায় করে চলে সলিল বিহার, চলে প্রদক্ষিণ, চলে আরতি কীর্তন,ভোগ নিবেদন, ভজন ও নৃত্যগীত এবং সেই সঙ্গে চলে আগত দর্শনার্থীদের মধ্যে বিনামূল্যে প্রসাদ বিতরণ। সমাধি মন্দির এবং পুস্করিণীর চারদিক ফুল ও আলোকমালায় সুসজ্জিত করা হয় এবং কৃত্রিম ফোয়ারা চালু থাকে। গ্রীষ্মের প্রচণ্ড দাবদাহ মুক্ত আকাশে ,মুক্ত বাতাসে, শান্তি স্বস্তি এনে দেয় এই উৎসব সকলের মনে – প্রানে । এই ঐতিহ্যবাহী চন্দনযাত্রায় অংশগ্রহণ করার জন্য সকলকে সাদর আমন্ত্রণ জানাই ।

## কেদারনাথ ধামের দ্বারোদ্ঘাটন এবং চারধাম যাত্রার সূচনা করলেন প্রধানমন্ত্রী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ দেবভূমি উত্তরাখণ্ডে শ্রী কেদারনাথ ধামের দ্বারোদ্ঘাটন এবং চারধাম যাত্রার সূচনা করেছেন। এই উপলক্ষে প্রধানমন্ত্রী ভক্তদের উদ্দেশে লেখা একটি চিঠিতে তাঁর আন্তরিক অনুভূতি প্রকাশ করেছেন এবং যাত্রীদের শুভেচ্ছা জানিয়েছেন।

এক্স বার্তায় প্রধানমন্ত্রী লিখেছেন :

"দেবভূমি উত্তরাখণ্ডের পবিত্র মাটিতে আজ যাবতীয় বিধিনিয়ম নিষ্ঠার সঙ্গে পালন করে ভক্তদের জন্য শ্রী কেদারনাথ ধামের দরজা খুলে দেওয়া হয়েছে। কেদারনাথ ধাম ও চারধামের এই যাত্রা আমাদের আস্থা, ঐক্য এবং সমৃদ্ধ ঐতিহ্যের এক দিব্য উদযাপন। এই যাত্রার মাধ্যমে আমরা ভারতের সনাতন সংস্কৃতির নিদর্শন দেখতে পাই।

এবার যাঁরা চারধাম যাত্রা উপলক্ষে উত্তরাখণ্ডে আসছেন, আমি সেইসব ভক্তদের প্রতি উদ্দেশে একটি চিঠি লিখে আমার অনুভূতি প্রকাশ করেছি। আমি প্রার্থনা করি, বাবা কেদার সবার ওপর আশীর্বাদ বর্ষণ করুন এবং আপনাদের যাত্রা শুভ হোক।

হর হর মহাদেব।"

(৩ পাতার পর)

## ভোট চলাকালীন আত্মীয়দেরও রাখা যাবে না বাড়িতে! কড়া নিষেধাজ্ঞা কমিশনের

ভোটকেন্দ্র থাকায় নিরাপত্তার স্বার্থে কোনও ঝুঁকি নিতে চাইছে না প্রশাসন।

কমিশনের এই সিদ্ধান্তে মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। একাংশ মনে করছেন, সুষ্ঠ নির্বাচনের স্বার্থে এমন পদক্ষেপ জরুরি। তবে অন্য অংশের অভিযোগ, এটি সরাসরি ব্যক্তিগত স্বাধীনতায় হস্তক্ষেপ। প্রশ্ন উঠেছে, ভিন রাজ্য বা অন্য শহর থেকে পরিবারের কেউ বেড়াতে এলে তাঁরা কি এখন নিজের বাড়িতে থাকতে পারবেন না? তাঁদের কি হোটেলে গিয়ে উঠতে হবে? প্রশাসনের তরফে এই উদ্বেগের কোনও সদর্থক উত্তর মেলেনি, বরং জানিয়ে দেওয়া হয়েছে, নিয়ম সবাইকে মানতে হবে।

# সিনেমার খবর

## নারীবাদ নিয়ে বিতর্কিত মন্তব্য, জবাবে যা বললেন নোরা ফাতেহি

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউডের মডেল-অভিনেত্রী নোরা ফাতেহি 'নারীবাদ সমাজকে ধ্বংস করে দিয়েছে'—এমন মন্তব্য করে সমালোচনার মুখে পড়েন। সামাজিক মাধ্যমে এ নিয়ে নেটিজেনদের মাঝে বিতর্কের ঝড় ওঠে। কয়েক দিন ধরে অভিনেত্রীর নারীবাদ মন্তব্য নিয়ে ব্যাপক জলঘোলা হচ্ছে। এবার লিলি সিংয়ের পডকাস্টে নোরা ফাতেহি তার নারীবাদ বিষয়ে যে মন্তব্য ছিল, তা স্পষ্ট ব্যাখ্যা দিলেন। তার মন্তব্যকে প্রসঙ্গ থেকে বিচ্ছিন্ন করে দেখা হয়েছে এবং বিষয়টিকে অতিরঞ্জিত করা হয়েছে বলেও জানান নোরা ফাতেহি।

এর আগে রণবীর আল্লাহবাদিয়ার পডকাস্টে এসে নারীবাদ নিয়ে কথা বলেছিলেন অভিনেত্রী। তিনি বলেছিলেন—'আমার কাউকে দরকার নেই, এই যে ধারণা— নারীবাদ। আমি এসব ফালতু জিনিসে বিশ্বাস করি না। সত্যি বলতে কী, আমার মনে হয়, নারীবাদ আমাদের সমাজকে পুরোপুরি ধ্বংস করে দিয়েছে।' তার এ মন্তব্য সামাজিক মাধ্যমে নেটিজেনদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া পেয়েছিল।

নোরা ফাতেহি বলেন, গত বছর আমি একটি পডকাস্টে নারীবাদ নিয়ে কথা বলেছিলাম। তারপর রিলস ও টিকটকে কিছু ছোট ছোট ক্লিপ বেরিয়ে আসে, আর সেগুলো ভাইরাল হয়ে যায়।

তিনি বলেন, নেটিজেনরা মূল বিষয়টাই বুঝতে পারেননি। আমি যেটার পক্ষে কথা বলি তা হলো—চরমপন্থা এমন একটা বিষয়, যার আমি পুরোপুরি বিরোধী। আমি সিঙ্গেল প্যারেন্টের সন্তান। আমি সেই পরিবারের থেকেও কোনো আরেকজন অভিভাবকের অভাব বোধ করিনি।

অভিনেত্রী বলেন, কিন্তু আমি জানি দুজন অভিভাবকের উপস্থিতি কতটা গুরুত্বপূর্ণ। সেটা একজন মা ও একজন বাবাই হোক কিংবা দুজন মা বা দুজন বাবা। আমি এসব কিছুরই পক্ষে কথা বলেছিলাম।

তিনি বলেন, আমি এমন একটা পরিবারে থাকতে পছন্দ করব, যেখানে দুজন অভিভাবক থাকবেন। কারণ অবশেষে সেই মানসিক বোঝা প্রাপ্তবয়স্ক জীবনেও বয়ে বেড়াতে হয়। আমি চাই না, আমরা এমন এক পৃথিবীতে বাস করি, যেখানে মানুষ আর সিঙ্গেল প্যারেন্টের পরিবার নিয়ে ভাবে না।

নোরা ফাতেহি বলেন, আমি চাই আমরা ভারসাম্যের পক্ষে কথা বলি, নিজের টাকা উপার্জন করি, স্বপ্নপূরণ করি এবং কঠোর পরিশ্রম করি। কিন্তু একই সঙ্গে আমরা এমন একটা পরিবেশ তৈরি করি, যেখানে পুরুষরাও জবাবদিহি করবে। যেখানে তারাও এগিয়ে এসে দায়িত্ব নেবে। আমরা কেন স্বাধীন ও শক্তিশালী হয়েও একে অপরের ওপর নির্ভরশীল হতে পারি না বলেও জানান তিনি।

নোরা ফাতেহি বলেন, আমরা কেন শেয়ার করে নিয়ে ভারসাম্য তৈরি করতে পারি না? আমরা এমন একটা পরিবেশ তৈরি করেছি, যেখানে আমরা এতটাই স্বাধীন যে, আমার তোমাকে প্রয়োজন নেই। আমরা কেন স্বাধীন, শক্তিশালী হয়েও কারুর ওপর নির্ভরশীল হতে পারি না? কেন সে এগিয়ে এসে শেয়ার করে নিয়ে ভারসাম্য আনতে পারে না?

## অভিমান ভুলে ফের তৃণমূলের 'তারকা প্রচারক' নুসরাত



স্টাফ রিপোর্টার, রোজদিন

২০২৪ সালের লোকসভা ভোটে টিকিট না পাওয়ায় তৃণমূলের সঙ্গে দূরত্ব বেড়েছিল নুসরাত জাহানের। তবে ২০২৬ সালের বিধানসভা ভোটে ফের দলের পাশে দাঁড়ালেন বসিরহাটের প্রাক্তন সংসদ সদস্য। তৃণমূলের দ্বিতীয় দফার তারকা প্রচারকের তালিকায় এবার তার নামও রয়েছে।

ঘাসফুল শিবিরের এই তালিকায় মমতা ব্যানার্জি, অভিষেক ব্যানার্জি, দেব, শত্রুঘ্ন সিনহা, রচনা বন্দ্যোপাধ্যায়, সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়, সায়নী ঘোষের মতো নেতাদের পাশাপাশি বিনোদন ও ক্রীড়া জগতের তারকাদেরও রাখা হয়েছে। প্রাক্তন ক্রিকেটার ইউসুফ পাঠান, কীর্তি আজাদ এবং চমক হিসেবে কোয়েল মল্লিকও তালিকায় আছেন।

২০২৪ সালের ভোটের পর নুসরাত একটি ইঙ্গিতপূর্ণ পোস্ট দিয়ে দলকে মৃদুভাবে বুঝিয়েছিলেন। পোস্টে একটি সাওয়ারডো রুটি এবং ক্যাপশনে লেখা ছিল, 'I prefer sourdough over sour people অর্থাৎ আমি খিটখিটে মানুষের চেয়ে টক রুটি বেশি পছন্দ করি।' যা অনেকেই তৃণমূলের দিকে ইঙ্গিত হিসেবে দেখেছিলেন।

বসিরহাট কেন্দ্রের সংসদ সদস্য থাকাকালীন সময়ে নুসরাত ব্যক্তিগত জীবনের নানা বিতর্কেও সংবাদ শিরোনামে ছিলেন। তবে সব কিছুকে পেছনে ফেলে এবার তিনি দলের প্রচারে সক্রিয় হবেন।

## 'রাকা' সিনেমায় দীপিকার সাতগুণ পারিশ্রমিক আল্লুর, রাশমিকা পাচ্ছেন কত?

স্টাফ রিপোর্টার, রোজদিন



দক্ষিণী সিনেমা ইন্ডাস্ট্রির জনপ্রিয় অভিনেতা আল্লু অর্জুনের নতুন সিনেমা 'রাকা' নিয়ে সামাজিক মাধ্যমে নেটিজেনদের মাঝে শুরু হয়েছে ব্যাপক উন্মাদনা। বিশেষ করে সেখানে দেখা যাচ্ছে, অভিনেতার ৪৪তম জন্মদিনে সিনেমাটির প্রথম ঝলক প্রকাশের পর সেই কৌতূহল আরও বেড়েছে। এবার জানা গেল এই বিশাল বাজেটের সিনেমায় অভিনয়শিল্পীদের পারিশ্রমিকের অঙ্ক।

সম্প্রতি গণমাধ্যম সূত্রে জানা গেছে, 'রাকা' সিনেমাটিতে অভিনয়ের জন্য অভিনেত্রী দীপিকা পাড়ুকোনের তুলনায় সাতগুণ বেশি পারিশ্রমিক নিয়েছেন সুপারস্টার আল্লু অর্জুন। ৭০০ কোটি রুপি বাজেটের এ সিনেমায় অভিনেতাকে দেখা যাবে ভিন্ন তিনটি চরিত্রে । এর মধ্যে একটি হচ্ছে—পুলিশের চরিত্র। অন্যটি সেই পুলিশ কর্মকর্তার ভাই—যিনি অর্ধেক মানুষ অর্ধেক দৈত্য। আর তৃতীয়টি হচ্ছে— এই দুই ভাইয়ের বাবার চরিত্র। একই সিনেমায় তিনটি বৈচিত্র্যময় চরিত্রে অভিনয়ের জন্য এ তারকা প্রায় ১৭৫ কোটি রুপি পারিশ্রমিক নিচ্ছেন।

এরই মধ্যে সামাজিক মাধ্যমে সিনেমাটির প্রথম ঝলকে আল্লু অর্জুনের রহস্যময় লুক নেটিজেনদের মাঝে আলোচনার জন্ম দিয়েছে। চোখে গাঢ় কাজল ও হাতে পশুর মতো বড় নখসংবলিত তার এই নতুন রূপ ভক্তদের বেশ চমকে দিয়েছে। ইতোমধ্যে পরিচালক অ্যাটলি নির্মাণ শুরু করেছেন 'রাকা' সিনেমা। এর শুটিং বর্তমানে মুম্বাইয়ে চলছে। সবকিছু ঠিক থাকলে চলতি বছরের শেষের দিকে প্রেক্ষাগৃহে মুক্তি পেতে পারে 'রাকা'।

এদিকে 'রাকা' সিনেমায় আল্লু অর্জুন ছাড়াও অভিনয় করছেন অভিনেত্রী দীপিকা পাড়ুকোন ও দক্ষিণী অভিনেত্রী রাশমিকা মান্দানাও। সিনেমাটির জন্য দীপিকা পারিশ্রমিক নিচ্ছেন ২৫ কোটি রুপি। অন্যদিকে রাশমিকা নিচ্ছেন ৫ কোটি রুপি পারিশ্রমিক। অর্থাৎ দীপিকার প্রাপ্ত পারিশ্রমিকের সাতগুণ বেশি অর্থ নিচ্ছেন আল্লু অর্জুন।

# বুমরাহ যে দলেই খেলুক, সে সেরা বোলার : যুবরাজ




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের সাবেক বিশ্বকাপজয়ী দলের সদস্য ও অলরাউন্ডার যুবরাজ সিং জসপ্রিত বুমরাহ অসাধারণ বোলিংয়ের জন্য ভূয়সী প্রশংসা করেছেন। যুবরাজের মতে, বুমরাহ যে দলেই খেলুন না কেন, সেরা বোলার হওয়া ছাড়া তার আর কোনো উপায় নেই।

সাবেক এই ক্রিকেটারের মতে, আধুনিক খেলার চাহিদার সঙ্গে নিজেকে মানিয়ে নেওয়ার মাধ্যমেই বুমরাহ এই খেলায় শীর্ষস্থানে থাকার সক্ষমতা অর্জন করেছেন।

বুমরাহর বৈচিত্র্য, বিশেষ করে তার বিভ্রান্তিকর বোলিং অ্যাকশনের মাধ্যমে সবাইকে মুগ্ধ করার ক্ষমতার প্রশংসা করেছেন। যুবরাজের মতে, আধুনিক খেলার ধরনে নির্ভীক হিসেবে পরিচিত ব্যাটসম্যানরাও বুমরাহর বিরুদ্ধে আক্রমণাত্মক হতে ভয় পান এবং আহমেদাবাদে জন্ম নেওয়া এই বোলারের মুখোমুখি হলে সতর্কভাবে খেলতে শুরু করেন।

খেলার যে ধারাটা বদলে যাচ্ছে, তাতে জসপ্রিত বুমরাহকেই সেরা বলতে হবে। কারণ ব্যাটসম্যানরা চাইলেও তার ওপর ওপর চড়াও হতে পারছে না। তারা চড়াও হতে ভয়ও পায়, কারণ তারা স্ট্রাইক রোটেট করে অন্য বোলারদের মারতে চায়। আর যখনই তারা তার ওপর চড়াও হতে চায়, বুমরাহ তাদের সেই সুযোগ দেয় না। তাই সে সত্যিই খুব বুদ্ধিমান।

মাইকেল ভনের সঙ্গে 'স্টিক টু ক্রিকেট' পডকাস্টে যুবরাজ বলেন বুমরাহ সম্পর্কে এই মন্তব্য করেন। ৪৪ বছর বয়সী এই ক্রিকেটারের মতে, বুমরাহর দারুণ দক্ষতাও আছে। সে বলগুলোকে স্লো-মোটা করে। আর তার বোলিং অ্যাকশনটাও বিভ্রান্তিকর, জানেন তো। তার হাত থেকে নিচের বলটা বোঝা বেশ কঠিন।

ভারতের হয়ে খেলার সময় অনুশীলনে বুমরাহর মুখোমুখি হওয়ার স্মৃতিচারণ করেন যুবরাজ। তিনি বলেন, বুমরাহ তখন কিশোর হলেও যথেষ্ট দ্রুতগতিতে এবং অসাধারণ নিখুঁত বোলিংয়ের মাধ্যমে এই অভিজ্ঞ বাঁহাতি ব্যাটসম্যানের জন্য সমস্যা তৈরি করতেন। তো, আমি যখন দলে ফেরার চেষ্টা করছিলাম, তখন ওর বয়স ছিল প্রায় ১৬ বছর এবং ও নেটে দ্রুতগতিতে বল করছিল। আমি ভাবছিলাম, 'এই ছেলেটাকে নেট থেকে বের করে দাও। আমাকে বল করা বন্ধ করো।

বুমরাহ অসাধারণ বোলিংয়ে টানা দ্বিতীয়বারের মতো টি-টোয়েন্টি বিশ্বকাপে শিরোজা জিতে ভারত। বিশ্বকাপ শেষে তিনি আইপিএলে মুম্বাই ইন্ডিয়ান্সের হয়ে খেলছেন। চলতি আসরে মুম্বাইভিত্তিক ফ্র্যাঞ্চাইজিটিকে শিরোপা এনে দিতে নজর রাখছেন এই পেসার।

## সূর্যবংশীকে অটোগ্রাফসহ ক্যাপ উপহার দিলেন কোহলি




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

এবারের আইপিএলের প্রথম ব্যাটসম্যান হিসেবে ২০০ রানের সীমানা স্পর্শ করলেন বৈভাব সূর্যবংশী। সর্বোচ্চ রানের স্বীকৃতি অরেঞ্জ ক্যাপ এখন তার মাথায়। তবে কাছে অমূল্য রত্ন এখন আরেকটি ক্যাপ, যেখানে মিশে আছে বিরাট কোহলির ভালোবাসা ও আশিস।

রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিপক্ষে শুক্রবার ২৬ বলে ৭৮ রানের চোখধাঁধানো ইনিংস উপহার দেন সূর্যবংশী। কোহলিদের ২০১ রান টপকে ২ ওভার বাকি থাকতেই জিতে যায় রাজস্থান রয়্যালস। ধ্রুপ জুরেল যদিও ৪৩ বলে ৮১ রানের ইনিংস খেলে দলের জয় সঙ্গে নিয়ে ফেরেন, তবু শুরুর তাণ্ডবে ম্যাচের সেরা হন সূর্যবংশী।

ম্যাচের পর রাজস্থান রয়্যালসের সামাজিক মাধ্যমের পাতাগুলোয় ভেসে ওঠে একটি ছবি। সেই ছবিতে সূর্যবংশীর ম্যান অব দ্য ম্যাচ ট্রফি এক পাশে, আরেকপাশে তার অরেঞ্জ ক্যাপ। মাঝখানে রাজস্থান রয়্যালসের একটি ক্যাপ। সেখানে একটি অটোগ্রাফ ও কিছু একটা লেখা।

গভীরভাবে দেখতেই ফুটে ওঠে, সেই অটোগ্রাফটি বিরাট কোহলির। ওপরে ছোট্ট করে লেখা, "Dear Vaibhav, well done".

সূর্যবংশী নিজেই এখন ভারতীয় ক্রিকেটের সেনসেশন। তবে তারকা খ্যাতি বোঝার বয়স তো এখনও সেভাবে হয়নি। ১৫ বছর বয়সী মানুষটির ভেতরে একজন কোহলি ভক্ত তো এখনও প্রবলভাবেই জাগ্রত। বেঙ্গালুরুর বিপক্ষে ম্যাচের পর কিংবদন্তির কাছে গিয়ে তার সঙ্গে কথা বলেন, তার অটোগ্রাফ নেন তিনি।

গত আইপিএলে চমকপ্রদ অভিষেকের পর এবারের আসরেও সূর্যবংশী ধরে রেখেছেন তার বিস্ময়-যাত্রা। গতবার টুর্নামেন্টের মাঝামাঝি দিকে নেমে ৭ ইনিংসে ২৫২ রান করেছিলেন ২০৬.৫৫ স্ট্রাইক রেটে। এবার ৪ ইনিংসে ২০০ রান করে ফেলেছেন, স্ট্রাইক রেট ২৬৬.৬৬।

## নিষিদ্ধ মিশরের প্রধান গোলকিপার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দুই মাস পরই শুরু হচ্ছে বিশ্বকাপ। টুর্নামেন্ট মাঠে গড়ানোর আগে বড় ধাক্কা খেল মিশর। রেফারিকে আঘাত করায় চার ম্যাচের জন্য নিষিদ্ধ হয়েছেন আফ্রিকার দেশটির প্রধান গোলকিপার মোহাম্মদ এল-শেনাওয়ি।

মিশরীয় প্রিমিয়ার লিগের ক্লাব আল-আহলি এফসির হয়ে খেলেন শেনাওয়ি। মঙ্গলবার সেরামিকা ক্লিওপেট্রার বিপক্ষে ১-১ গোলে ড্র হওয়া ম্যাচে বদলি খেলোয়াড় হিসেবে ছিলেন বেঞ্চে ছিলেন তিনি। ম্যাচের শেষ মুহূর্তে সেরামিকার একজন ডিফেন্ডারের হাতে বল লাগলে আল-আহলি পেনাল্টির দাবি জানায়। রেফারি আবেদন নাকচ করলে রেগে যান শেনাওয়ি।

লিগ কর্তৃপক্ষ এক বিবৃতিতে জানিয়েছে, 'রেফারিকে ধাক্কা দেওয়া বা টেনে ধরার মাধ্যমে লাঞ্ছিত করার দায়ে (সহিংসতা ছাড়া হাতের ব্যবহার) শেনাওয়িকে চার ম্যাচের নিষেধাজ্ঞা এবং ৫০ হাজার মিশরীয় পাউন্ড (প্রায় ৯৪২ ডলার) জরিমানা করা হয়েছে।'

শেনাওয়িকে এখন লিগ প্লে-অফের শেষ সপ্তাহ পর্যন্ত মাঠের বাইরে থাকতে হবে। ডিফেন্ডিং চ্যাম্পিয়ন আল-আহলি বর্তমানে ৪১ পয়েন্ট নিয়ে লিগে তৃতীয় স্থানে রয়েছে।

জাতীয় দলের জার্সিতে এখন পর্যন্ত ৭৫ টি ম্যাচ খেলেছেন শেনাওয়ি। ২০২৫ সালের আফ্রিকা কাপ অব নেশনসে (আফকন) মিশরের প্রথম পছন্দের গোলকিপার ছিলেন শেনাওয়ি। যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয় অনুষ্ঠেয় বিশ্বকাপে গ্রুপ 'জি' তে রয়েছে মিশর। ১১ জুন বিশ্বকাপের উদ্বোধনী দিনে নিউ জিল্যান্ডের মুখোমুখি হবে মোহাম্মদ সালারা। গ্রুপপর্বে মিশরের অন্য দুই প্রতিপক্ষ বেলজিয়াম ও ইরান।

নিষেধাজ্ঞা কাটিয়ে আগামী মে মাসের মাঝামাঝি ফিরবেন শেনাওয়ি। ফলে পর্যাপ্ত প্রস্তুতি ছাড়াই বিশ্বকাপে যেতে হবে ৩৭ বছর বয়সী অভিজ্ঞ এই গোলকিপারকে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR